দৈনিক ইত্তেফাক 020

তারিখ 21 JUN
পৃষ্ঠা | কলাম ৪

# ক্যাম্পাসে অপ্রীতিকর ঘটনা

21 JUN 1988

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

সংসদ সদস্যা বেগম হাসনা মওদুদ গতকাল (সোমবার) ঢাকা ভার্সিটি সিনেট অধিবেশনে যোগদানের উদ্দেশ্যে বিকাল ৩টা ২৫ মিনিটে ভার্সিটির প্রশাসনিক ভবনের সামনে জীপ রাখিয়া ভিতরে ঢুকিতে উদ্যত হইলে একদল ছাত্র তাঁহার গতিরোধ করে এবং পুলিশের উপস্থিতিতে জীপ ভাংচুর করিয়া অগ্নি সংযোগ করে। প্রায় দুই ঘন্টা ভিসি অফিসে অবস্থান করিয়া হাসনা মওদুদ পুলিশের সহায়তায় ঘটনাস্থল ত্যাগ করেন। নির্ধারিত সময়ের দেড় ঘন্টা পর ৫টা ১০ মিনিটে সিনেট অধিবেশন

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## শিক্ষা মন্ত্রণালয়ের বক্তব্য

বিশ্ববিদ্যালয়ের ঘটনা সম্পর্কে শিক্ষা মন্ত্রণালয়ের বক্তব্যে বলা হয়: গতকাল (সোমবার) আনুমানিক বিকাল ৩টা ৪০ মিনিটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য এবং সংসদ সদস্যা বেগম হাসনা মওদুদ বিশ্ববিদ্যালয়ের সিনেট সভায় যোগদানের জন্য ভিসির অফিসে পৌছিলে একদল উশৃঙ্খল ছাত্র হঠাৎ তাহাকে ঘিরিয়া ফেলে এবং তাহার হাত ব্যাগ ছিনাইয়া নেয়, গাড়ীর ড্রাইভারকে মারধর করিয়া চাবি কাড়িয়া নেয় এবং গাড়ীটি প্রথমে ভাংচুর ও পরে পোড়াইয়া দেয়।

দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অঙ্গণে এ ধরনের অরাজকতা অত্যন্ত দুর্ভাগ্যজনক ও দুঃখজনক। বিশ্ববিদ্যালয়ের সিনেট সভায় সিনেটের সদস্য এবং বিশেষ করিয়া মহিলা

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## শিক্ষা মন্ত্রণালয়ের বক্তব্য

(১ম পৃঃ পর)

সদস্যের এ ধরনের লাঞ্ছনা অত্যন্ত ন্যাক্কারজনক ঘটনা। যে ছাত্রছাত্রীরা বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ শিক্ষা গ্রহণ করিয়া দেশ ও জাতির ভবিষ্যৎ কাণ্ডারীরূপে তৈরী হইবে তাহাদের হাতে জাতীয় সংসদের একজন সম্মানিত সদস্যা এবং যিনি তাহাদেরই বিশ্ববিদ্যালয়ের সিনেটের সদস্য ও এককালীন শিক্ষক তাঁহার মানসম্মানের হানি ঘটিয়াছে।

এই ঘটনা উদ্বেগজনক, বিশেষ করিয়া এজন্য যে, ঘটনাটি ঘটিয়াছে বিশ্ববিদ্যালয়ে বেশ কয়েকজন শিক্ষকের উপস্থিতিতে। আশা করা যাইতেছে যে, আগামীতে এধরনের ঘটনার পুনরাবৃত্তি হইবে না। কারণ সকলে চায় সব শিক্ষাঙ্গনে সুস্থ ও সুষ্ঠু শিক্ষার পরিবেশ বিরাজ করুক এবং শিক্ষাঙ্গনগুলি হইতে দেশের যোগ্য নাগরিক তৈরী হউক। ইহাও আরও আশা করা যাইতেছে যে, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ঘটনার সাথে জড়িত দোষী ব্যক্তিদেরকে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদান করিবেন।—তথ্য বিবরণী।

## ঘটনা

(১ম পৃঃ পর)

শুরু হয়। কিন্তু কোন আলোচনা ছাড়াই আজ (মঙ্গলবার) বিকাল সাড়ে তিনটা পর্যন্ত অধিবেশন মুলতবী রাখা হইয়াছে।

এদিকে একটি সুত্র জানায়, জাতীয় সংসদ হইতে মনোনীত সিনেট সদস্যা হাসনা মওদুদ গতকাল ৩টা ২৫ মিনিটে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে পৌছিলে একদল ছাত্র বিভিন্ন শ্লোগান সহকারে তাহার গতিরোধ করে। ছাত্ররা বেগম মওদুদকে জীপ হইতে নামাইয়া দেয় এবং ইটপাটকেল ছুঁড়িয়া জীপের ক্ষতি সাধন করে। ঘটনার আকস্মিকতায় বেগম মওদুদ ভিসির অফিস কক্ষে প্রবেশ করিলে ছাত্ররা ক্ষিপ্ত হইয়া উঠে এবং বেগম মওদুদের বিরুদ্ধে শ্লোগান দিতে থাকে। বিকাল পৌনে চারটায় পুলিশের একটি দল ঘটনাস্থলে প্রবেশ করিলে ছাত্ররা আরও উত্তেজিত হইয়া উঠে। এই সময় বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রো-ভিসি, প্রোক্টর ছাত্রদের থামাইতে গিয়া ব্যর্থ হন। বিকাল সোয়া চারটায় প্রশাসনিক ভবন এলাকায় দুইটি হাতবোমার বিস্ফোরণ ঘটিলে উত্তেজনার সৃষ্টি হয়। সাড়ে চারটার দিকে বিশ্ববিদ্যালয়ের কয়েকজন কর্মকর্তার অনুরোধে ছাত্ররা ঘটনাস্থল হইতে কিছুটা দূরে সরিয়া গেলে পুলিশ ক্ষতিগ্রস্ত জীপটিকে প্রশাসনিক ভবনের গ্যারেজ সংলগ্ন এলাকায় স্থানান্তর করে। বিকাল পৌনে পাঁচটার দিকে বিক্ষুব্ধ ছাত্রদের একটি অংশ জীপটিতে আগুন ধরাইয়া দেয় এবং জীপটি সম্পূর্ণ ভস্মীভূত হয়। সোয়া পাঁচটার দিকে পুলিশের অপর একটি দল প্রশাসনিক ভবনের সামনে উপস্থিত হইলে ছাত্ররা পুনরায় উত্তেজিত হইয়া উঠে। এই সময় পুলিশের একটি জীপ প্রশাসনিক ভবনের সামনে অবস্থান নেওয়ার পর পুলিশ কাঁদানে গ্যাস ছুঁড়িয়া ছাত্রদের ধাওয়া করার পর্যায়ে বেগম মওদুদ পুলিশের জীপে উঠিয়া ঘটনাস্থল ত্যাগ করেন। উত্তেজিত ছাত্ররা ইহার পর বিক্ষিপ্তভাবে ইটপাটকেল ছুঁড়িয়া ভিসি-প্রোভিসির অফিসের ক্ষতি সাধন করে।

বেগম মওদুদ প্রশাসনিক ভবন ত্যাগ করার পর ভিসি প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে সিনেট অধিবেশন শুরু হয়। শুরুতেই ভিসি সংক্ষেপে বক্তৃতায় ঘটনার ব্যাখ্যা দেন। আজ (মঙ্গলবার) অধিবেশনে ঘটনার উপর তিনি প্রতিবেদন পেশ করিবেন।

বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে সিনেট অধিবেশন শুরুর পূর্বে জনৈক সদস্যা যে সব মন্তব্য করেন, সিনেট সদস্যগণ আলোচনাক্রমে তাতে ক্ষোভ প্রকাশ ও নিন্দা জ্ঞাপন করেন।

জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল এক প্রেস বিজ্ঞপ্তিতে সিনেট অধিবেশনে বেগম হাসনা মওদুদের উপস্থিতি এবং পরবর্তী ঘটনায় ক্যাম্পাসে পুলিশের উপস্থিতি ও কাঁদানে গ্যাস নিক্ষেপের নিন্দা করিয়াছে। ছাত্রদল ভিসির পদত্যাগ দাবী করিয়াছে। সংগ্রামী ছাত্রজোট ঘটনার প্রতিবাদে আজ (মঙ্গলবার) সকাল ১০টায় কলাভবনে প্রতিবাদ সভাশেষে বিক্ষোভ মিছিলের কর্মসূচী নিয়াছে।